দৈনিক ইত্তেফাক

তারিখ ... 06 NOV 1990
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 2

56

### শিক্ষক সমিতির সভা

# অবিলম্বে ভার্সিটি খুলিয়া দেওয়ার দাবী

( ইত্তেফাক রিপোর্ট )

গতকাল (সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির জরুরী সভায় ৭ই নভেম্বরের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার জন্য সিণ্ডিকেটের সুস্পষ্ট বক্তব্য দাবী করা হয়। সমিতির সভাপতি প্রফেসর ইয়াজ উদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বলা হয়, বিশ্ববিদ্যালয় খোলা অথবা বন্ধ রাখার দায়িত্ব সিণ্ডিকেটের। সভায় ৭ই নভেম্বরের মধ্যে সিণ্ডিকেটের জরুরী সভা ডাকিয়া এব্যাপারে স্পষ্ট ঘোষণা দেওয়ার দাবী করা হয়।

গতকাল বিকালে বিশ্ববিদ্যালয় ক্লাবে অনুষ্ঠিত এই সভায় শিক্ষক-নেতৃবৃন্দ শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশের তীব্র সমালোচনা করেন। শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ইয়াজ উদ্দিন আহমদ বলেন, এই অধ্যা-

(শেষ পৃঃ ১-এর কঃ দ

**শিক্ষক সমিতির দাবী**

( ১ম পৃঃ পর )

দেশ ছাত্রশিক্ষকসহ সচেতন সকল মহল প্রত্যাখ্যান করিয়াছে।

কাজেই সিণ্ডিকেট বিশ্ববিদ্যাল খোলার ব্যাপারে সিদ্ধান্ত না দিলে ছাত্র-শিক্ষক নিজেরাই এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করিবে।

ব্রাহ্মণবাড়িয়া সংবাদদাতার ফোন : বিশ্ববিদ্যালয় এবং ঢাকা শহরের সকল শিক্ষা প্রতিষ্ঠান অবিলম্বে খোলার দাবীতে গতকাল ব্রাহ্মণবাড়িয়া শহরে এক ছাত্র মিছিল এবং বার লাইব্রেরী প্রাঙ্গণে সমাবেশ অনুষ্ঠিত হয়। স্থানীয় কলেজ-বিশ্ববিদ্যালয় ছাত্র পরিষদ এই বিক্ষোভ মিছিল ও সমাবেশের আয়োজন করে।